# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, মে ১৫, ২০১১**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**নৌ-পরিবহন মন্ত্রণালয়**

**টিএ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৮ মে ২০১১/২৫ বৈশাখ ১৪১৮

নং ১৮.০১৪.০১৮.০০.০০.০২৬.২০১১-৩১৪—অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ অধ্যাদেশ নং ৭৫, ১৯৫৮ (EP ordinance No. LXXV of 1958) এর ধারা ২৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ স্থায়ী আদেশাবলী প্রণয়ন ও জারী করিল, যথা ঃ—

১.০ **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন ঃ**

১.১ এই আদেশ "নিমজ্জিত/দুর্ঘটনা কবলিত নৌ-যান উদ্ধার বিষয়ক স্থায়ী আদেশাবলী" নামে অভিহিত হইবে।

১.২ এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

২.০ **সংজ্ঞা ঃ** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই আদেশে—

(ক) **"অভ্যন্তরীণ নৌ-যান"** বলিতে এইরূপ নৌ-যানকে বুঝাইবে যাহা সাধারণতঃ অভ্যন্তরীণ নৌ-পথে নৌ-সীমায় জ্বালানী, বিদ্যুৎ অথবা অন্য কোন যান্ত্রিক শক্তি দ্বারা চালিত যাত্রীবাহী নৌ-যান, মালবাহী নৌ-যান, ডাম্ববার্জ, ফ্লাট, পল্টুন ও অন্যান্য যাহা যন্ত্রচালিত নয়, তবে অন্য কোন ইঞ্জিনচালিত নৌ-যান দ্বারা চালিত হয়, সেইগুলিও অভ্যন্তরীণ নৌ-যানের অন্তর্ভুক্ত ;

(খ) **"অভ্যন্তরীণ নৌ-পথ/নৌ-সীমা"** বলিতে অভ্যন্তরীণ নৌ-চলাচল অধ্যাদেশ, ১৯৭৬ এর ২(চ) উপ-ধারায় বর্ণিত নৌ-পথ/নৌ-সীমা বুঝাইবে অর্থাৎ যে কোন খাল, নদী, হ্রদ অথবা অন্য কোন নৌ-চলাচল উপযোগী বাংলাদেশের নৌ-পথ এবং জোয়ার-ভাটা বিশিষ্ট নৌ-পথের এইরূপ অংশ, যাহা সরকার বা তাহার মনোনীত কর্তৃপক্ষ কর্তৃক সরকারি গেজেট দ্বারা ঘোষিত অভ্যন্তরীণ নৌ-পথকে বুঝাইবে;

(গ) **"নৌ-দুর্ঘটনা"** বলিতে প্রাকৃতিক দুর্যোগ যথা---ঝড়, ঘূর্ণিঘড়, কালবৈশাখী ঝড়, ঘূর্ণাবর্ত, প্রবলস্রোত, জলোচ্ছ্বাস, প্রবল ঢেউ, সুনামী, ভূমিকম্প, নৌ-যানের নির্মাণ/কাঠামোগত ত্রুটি, চালকের ভুল, অধিক যাত্রী বা মালামাল বোঝাই, অন্য নৌ-যান বা নৌ-স্থাপনার সাথে সংঘর্ষ, নদীর তলদেশে আটকিয়ে যাওয়া, ফেটে যাওয়া, অগ্নিকাণ্ড, ইত্যাদি বা অন্য যে কোন কারণে নৌ-যানের মারাত্মক ক্ষতি হইলে, আংশিক বা সম্পূর্ণ ডুবিয়া গেলে এবং ফলশ্রুতিতে যাত্রী/নাবিক আহত, নিহত বা নিখোঁজ হওয়ার ঘটনাকে বুঝাইবে;

(ঘ) **"নৌ-যান উদ্ধার"** বলিতে নৌ-দুর্ঘটনা কবলিত অভ্যন্তরীণ নৌ-যান আংশিক বা সম্পূর্ণ উদ্ধার, আহত যাত্রী/নাবিক উদ্ধার করিয়া নিরাপদ স্থান/নিকটস্থ চিকিৎসা কেন্দ্রে স্থানান্তর, নিখোঁজ ও দুর্ঘটনা কবলিত নৌ-যানের ভিতরে আটকাইয়া পড়া যাত্রী/নাবিক উদ্ধার, মৃত যাত্রী/নাবিকদের উদ্ধার করিয়া সৎকার করা, ইত্যাদি বুঝাইবে।

৩. **আদেশাবলীর প্রযোজ্যতা ঃ**

৩.১ এই আদেশাবলী বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত, সংরক্ষিত ও নিয়ন্ত্রিত অভ্যন্তরীণ ও উপকূলীয় নৌ-পথে প্রযোজ্য হইবে;

৩.২ এই আদেশাবলী সকল অভ্যন্তরীণ নৌ-পথে চলাচলকারী অভ্যন্তরীণ নৌ-যানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৪.০ **নৌ-যান উদ্ধার কার্যক্রমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা ঃ**

৪.১ নৌ-পরিবহন মন্ত্রণালয়;

৪.২ স্বরাষ্ট্র মন্ত্রণালয়;

৪.৩ প্রতিরক্ষা মন্ত্রণালয়;

৪.৪ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়;

৪.৫ খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়;

৪.৬ তথ্য মন্ত্রণালয়;

৪.৭ যোগাযোগ মন্ত্রণালয়;

৪.৮ স্থানীয় সরকার বিভাগ;

৪.৯ বিআইডব্লিউটিএ;

৪.১০ সমুদ্র পরিবহন অধিদপ্তর;

৪.১১ জেলা প্রশাসন;

৪.১২ উপজেলা পরিষদ;

৪.১৩ বাংলাদেশ পুলিশ;

৪.১৪ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর;

৪.১৫ বিআইডব্লিউটিসি;

৪.১৬ বাংলাদেশ কোস্ট গার্ড;

৪.১৭ বাংলাদেশ নৌ-বাহিনী;

৪.১৮ স্বাস্থ্য অধিদপ্তর/সিভিল সার্জন;

৪.১৯ বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-চলাচল (যাত্রী পরিবহন) সংস্থা/অন্যান্য সংশ্লিষ্ট মালিক সমিতি;

৪.২০ নৌ-যান শ্রমিক ফেডারেশন;

৪.২১ রেড ক্রিসেন্ট সোসাইটি;

৪.২২ দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো;

৪.২৩ সড়ক ও জনপথ বিভাগ;

৪.২৪ বাংলাদেশ রেলওয়ে;

৪.২৫ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন।

**৫.০ দুর্ঘটনার স্তর (Level) ঃ**

৫.১ নৌ-যানের আকার, ধারণ ক্ষমতা, যাত্রী ধারণ ক্ষমতা, দুর্ঘটনা পরবর্তী অবস্থা (নিমজ্জিত বা আংশিক নিমজ্জিত), দুর্ঘটনা কবলিত নৌ-যান দ্বারা সংশ্লিষ্ট নৌ-পথে প্রতিবন্ধকতা সৃষ্টি, ইত্যাদি বিবেচনাপূর্বক নৌ-দুর্ঘটনাকে নিম্নবর্ণিত ৩টি স্তরে (Level) বিন্যাস করা হইল—

**৫.২ ১ম স্তর (Level-I)**

যেই নৌ-দুর্ঘটনায় সংর্বোচ্চ ১৫০ জন যাত্রী ধারণ ক্ষমতা বিশিষ্ট নৌ-যান অথবা ১০০ (একশত) টন ধারণ ক্ষমতা সম্পন্ন মালবাহী নৌ-যান ডুবিয়াছে অথবা ক্ষতিগ্রস্ত অবস্থায় ভাসমান আছে অথবা নাব্য নৌ-পথে আংশিক অথবা সম্পূর্ণ প্রতিবন্ধকতা সৃষ্টি হইয়াছে অথবা যাত্রী /নাবিক নিহত/আহত/নিখোঁজ হইয়াছে।

**৫.৩. ২য় স্তর (Level-II)**

যেই নৌ-দুর্ঘটনায় ১৫১ থেকে সর্বোচ্চ ৩৫০ জন যাত্রী ধারণ ক্ষমতানসম্পন্ন নৌ-যান অথবা ১০১ থেকে ২৫০ টন ধারণ ক্ষমতাসম্পন্ন মালবাহী নৌ-যান সম্পূর্ণ অথবা আংশিক নিমজ্জিত/ক্ষতিগ্রস্ত অবস্থায় ভাসমান আছে অথবা নাব্য নৌ-পথে আংশিক অথবা সম্পূর্ণ প্রতিবন্ধকতা সৃষ্টি হইয়াছে অথবা যাত্রী/নাবিক নিহত অথবা আহত হইয়াছে অথবা নিখোঁজ রহিয়াছে অথবা নিমজ্জিত নৌ-যানে আটকা পড়িয়াছে।

**৫.৪. ৩য় স্তর (Level-III)**

যেই নৌ-দুর্ঘটনায় ৩৫১ অথবা ততোধিক যাত্রী ধারণ ক্ষমতা সম্পন্ন নৌ-যান অথবা ২৫১ টন অথবা ততোধিক ধারণ ক্ষমতা সম্পন্ন মালবাহী নৌ-যান সম্পূর্ণ অথবা আংশিক নিমজ্জিত/ক্ষতিগ্রস্ত অবস্থায় ভাসমান আছে অথবা নাব্য নৌ-পথে আংশিক অথবা সম্পূর্ণ প্রতিবন্ধকতা সৃষ্টি হইয়াছে অথবা যাত্রী/নাবিক নিহত অথবা হইয়াছে আহত হইয়াছে অথবা নিখোঁজ রহিয়াছে অথবা নিমজ্জিত নৌ-যানে আটকা পড়িয়াছে।

**৬.০ নৌ-দুর্ঘটনার বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগের Focal Point :**

পরিচালক, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালন করিবেন। প্রয়োজন অনুযায়ী একটি Control room খুলিতে হইবে।

**৭.০ দুর্ঘটনার স্তর ঘোষণা ঃ**

৭.১ কোন নৌ-দুর্ঘটনার সংবাদ পাওয়ার পর চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ দুর্ঘটনার স্তর ঘোষণা করিবেন অথবা তিনি প্রয়োজন মনে করিলে পরিচালক (নৌ-নিরাপত্তা), পরিচালক (নৌ-সওপ), পরিচালক (বওপ), বিআইডব্লিউটিএ, মহা-পরিচালক সমুদ্র পরিবহন অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা প্রশাসক, পুলিশ সুপার এর সাথে পরামর্শ করিয়া প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দুর্ঘটনার স্তর ঘোষণা করিবেন।

৭.২ কোন নৌ-দুর্ঘটনার সংবার পাওয়ার সাথে সাথে Focal Point স্বয়ং তাৎক্ষণিক অনুচ্ছেদ ৪.০ এ বর্ণিত মন্ত্রণালয়/সংস্থাগুলিকে দুর্ঘটনার স্তর অবহিত করিবেন এবং উদ্ধার কাজে প্রয়োজনে তাঁহাদের সহযোগিতা চাহিবেন অথবা যেই ক্ষেত্রে ফোকাল পয়েন্ট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থাকে দুর্ঘটনা সম্পর্কে অবহিত করিতে সমর্থ হইবেন না সেই ক্ষেত্রে মন্ত্রণালয়/সংস্থাগুলি স্বীয় উদ্যোগে Focal Point এর সাথে অথবা অন্য যে কোন মাধ্যমে এর সাথে যোগাযোগ করিয়া দুর্ঘটনার স্তর (Level) জানিয়া তাহাদের স্ব-স্ব পরবর্তী করণীয় বিষয়ে দ্রুত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবেন।

**৮.০ নৌ-দুর্ঘটনার স্তর (Level) অনুযায়ী নৌ-যান-উদ্ধার কার্যক্রম ঃ**

**৮.১ ১ম স্তর (Level-I)**

নৌ-দুর্ঘটনার স্থল এলাকার নিকটবর্তী বিআইডব্লিউটিএ'র বন্দর/শাখা দপ্তরে জ্যেষ্ঠ কর্মকর্তা নৌ-উদ্ধার কাজে বিআইডব্লিউটিএ'র প্রতিনিধিত্ব করিবেন। সংশ্লিষ্ট জেলা প্রশাসনের নেতৃত্বে বিআইডব্লিউটিএ, পুলিশ বিভাগ, সংশ্লিষ্ট নৌ-যান মালিক সমিতি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, স্থানীয় ইউনিয়ন পরিষদ, পৌরসভা এবং অন্যান্য সংস্থাসমূহ উদ্ধার কাজে সহযোগিতা করিবেন।

**৮.২ ২য় স্তর (Level-II)**

বিআইডব্লিউটিএ'র পরিচালক (নৌ-সওপ) নৌ-উদ্ধার কাজের দায়িত্বে থাকিবেন। তাঁহাকে বিআইডব্লিউটিএ'র পরিচালক (নৌ-নিরাপত্তা), পরিচালক (বওপ), সমুদ্র পরিবহন অধিদপ্তর, কোস্ট গার্ড, বাংলাদেশ নৌ-বাহিনী, ফায়ার সার্ভিস ও দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো, সিভিল ডিফেন্স, রেড ক্রিসেন্ট সোসাইটি, সংশ্লিষ্ট জেলা প্রশাসক, পুলিশ বিভাগ, নৌ-যান মালিক সমিতি, নৌ-যান শ্রমিক ফেডারেশন ও স্থানীয় সরকার প্রশাসন প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবেন।

**৮.৩ ৩য় স্তর (Level-III)**

বিআইডব্লিউটিএ'র পরিচালক (নৌ-সওপ) নৌ-উদ্ধার কাজের দায়িত্বে থাকিবেন। তাঁহাকে বিআইডব্লিউটিএ এর পরিচালক (নৌ-নিরাপত্তা), পরিচালক (বওপ), নৌ-পরিবহন মন্ত্রণালয়, সমুদ্র পরিবহন অধিদপ্তর, কোস্ট গার্ড, বাংলাদেশ নৌ-বাহিনী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রেড ক্রিসেন্ট সোসাইটি, সংশ্লিষ্ট জেলা প্রশাসন, পুলিশ সুপার, নৌ-যান মালিক সমিতি, নৌ-যান শ্রমিক ফেডারেশন, দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবেন।

**৯.০ নৌ-যান উদ্ধার কাজে জটিলতা ও উদ্ধার কাজ পরিত্যাক্ত ঘোষণা করা ঃ**

৯.১ নৌ-যান উদ্ধার কাজে বিআইডব্লিউটিএ'র নিজস্ব সরঞ্জামাদি যথা ঃ জাহাজ , ক্রেন ইত্যাদি ব্যবহার করিবার পরেও যদি উদ্ধার কাজের তুলনায় তাহা অপ্রতুল বা অপর্যাপ্ত বলিয়া প্রতীয়মান হয় এবং অধিক সংখ্যক বা অধিক ক্ষমতাশালী ক্রেন বা কোন পদ্ধতি ব্যবহারের প্রয়োজনীয়তা দেখা দেয়, সেই ক্ষেত্রে উদ্ধার কাজে অন্য কোন সংস্থা যেমন নৌ-বাহিনী, কোস্ট গার্ড, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মংলা বন্দর কর্তৃপক্ষ বা বেসরকারি পর্যায়ের কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের সরঞ্জামাদি, বিশেষজ্ঞ/কর্মী ব্যবহার/ নিয়োজিত করিবার জন্য চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ'র সভাপতিত্বে নৌ-পরিবহন মন্ত্রণালয়, সমুদ্র পরিবহন অধিদপ্তর, কোস্ট গার্ড, বাংলাদেশ নৌ-বাহিনী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সংশ্লিষ্ট জেলা প্রশাসন, পুলিশ বিভাগ, নৌ-যান মালিক সমিতি, নৌ-যান শ্রমিক ফেডারেশন প্রতিনিধিদের নিয়ে যথাসম্ভব স্বল্পতম সময়ের মধ্যে অনুষ্ঠিত আলোচনা সভা করিয়া অথবা টেলিফোন/ফ্যাক্স এর মাধ্যমে যোগযোগ করিয়া সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে।

৯.২ সকল সরঞ্জামাদি (Logistic Support) ও সর্বশক্তি নিয়োগ করিবার পরও দুর্ঘটনাস্থলে বিদ্যমান প্রতিকূল আবহাওয়া, দুর্ঘটনাস্থলে অধিক স্রোত, ঘূর্ণাবর্ত বা পানির অধিক গভীরতা, নিমজ্জিত নৌ-যান খুঁজিয়া না পাওয়া, নিমজ্জিত নৌ-যানে বালি/পলি জমিয়া বা অন্য যে কোন কারণে ওজন বৃদ্ধি পাওয়া, ইত্যাদির ফলে যদি উদ্ধার কাজ সফল না হয় বা সফল হইবে না বলিয়া নিশ্চিতভাবে ধারণা হয়, সেই ক্ষেত্রে নৌ-যান উদ্ধার কাজে নিয়োজিত কর্মকর্তাদের সুপারিশের ভিত্তিতে

নৌ-পরিবহন মন্ত্রণালয় যথোপযুক্ত/চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

**১০.০ দুর্ঘটনার কবলিত নৌ-যান ও দুর্ঘটনার সংক্ষিপ্ত বিবরণ ঃ**

১০.১ নৌ-দুর্ঘটনার খবর প্রাপ্তির পর স্বল্পতম সময়ের মধ্যে ফোকাল পয়েন্ট অথবা বিআইডব্লিউটিএ'র স্থানীয় কার্যালয় সংযোজনী-ক এ বর্ণিত ছকে দুর্ঘটনার প্রাথমিক বিবরণ প্রস্তুত করিবেন;

১০.২ দুর্ঘটনার প্রাথমিক বিবরণ স্থানীয় কার্যালয় ও বিআইডব্লিউটিএ প্রধান কার্যালয়ে সংরক্ষণ করিবেন।

**১১.০ উদ্ধার কার্যক্রমে বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থার দায়িত্ব ও কর্তব্য ঃ**

**১১.১ নৌ-পরিবহন মন্ত্রণালয় ঃ**

১১.১.১ নৌ-পরিবহন মন্ত্রণালয় নৌ-দুর্ঘটনার বিষয়টি অবহিত হওয়ার সঙ্গে সঙ্গে বিআইডব্লিউটিএ, সমুদ্র পরিবহন অধিদপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ কোস্ট গার্ড, সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও পুলিশ বিভাগকে নৌ-যান উদ্ধার কাজের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে এবং নৌ-যান উদ্ধার কাজ সমন্বয় ও মনিটরিং করিবেন;

১১.১.২ নৌ-দুর্ঘটনা কবলিত নৌ-যানের নিহত, আহত এবং নিখোঁজ যাত্রী/নাবিকদের আত্মীয় স্বজনদেরকে উদ্ধার তৎপরতা সম্পর্কে অবহিত করিবেন;

১১.১.৩. নৌ-পরিবহন মন্ত্রণালয়ের পক্ষ থেকে ন্যূনপক্ষে একজন উপযুক্ত প্রতিনিধি নৌ-দুর্ঘটনাস্থলে উপস্থিত থাকিয়া উদ্ধার কার্যক্রম মনিটরিং করিবেন;

১১.১.৪. নৌ-পরিবহন মন্ত্রণালয়ের প্রতিনিধি সময়ে সময়ে মিডিয়াকে সর্বশেষ তথ্য সরবরাহ করিয়া হাল নাগাদ রাখিবেন;

১১.১.৫. নৌযানের নিমজ্জিত/দুর্ঘটনা কবলিত হইবার কারণ উদঘাটন করিবার জন্য তদন্ত কমিটি গঠন করিবে এবং দ্রুত তদন্ত কাজ সম্পন্ন করিবার ব্যবস্থা করিবেন;

১১.১.৬. উদ্ধার কাজ সম্পন্ন করা সম্ভব না হইলে উদ্ধার কাজে উপস্থিত কর্মকর্তাদের সম্মিলিত মতামতের ভিত্তিতে নৌ-পরিবহন মন্ত্রণালয় উদ্ধার কাজ সমাপ্ত ও নিমজ্জিত নৌ-যান পরিত্যক্ত ঘোষণা করিবেন;

**১১.২ স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঃ**

১১.২.১. নৌ-দুর্ঘটনা কবলিত নৌ-যান উদ্ধার কার্যক্রমে অংশগ্রহণের জন্য পুলিশ বিভাগ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ও বাংলাদেশ কোস্ট গার্ডকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবেন।

**১১.৩. প্রতিরক্ষা মন্ত্রণালয় ঃ**

১১.৩.১. নৌ-দুর্ঘটনা কবলিত নৌ-যান উদ্ধার কার্যক্রমে অংশ গ্রহণের জন্য বাংলাদেশ নৌ- বাহিনীকে প্রয়োজনীয় নির্দেশ প্রদান করিবেন।

১১.৪. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ঃ

১১.৪.১. নৌ-দুর্ঘটনা জনিত কারণে আহত যাত্রী/নাবিকদের প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রদান এবং নিহতদের সৎকারের উদ্দেশ্যে আনুষ্ঠানিকতা সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সিভিল সার্জনকে জেলা প্রশাসন ও রেড ক্রিসেন্ট সোসাইটিকে প্রয়োজনীয় নির্দেশ প্রদান করিবেন।

১১.৫. খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় ঃ

১১.৫.১ নৌ-দুর্ঘটনা কবলিত নৌ-যান উদ্ধার কার্যক্রমে অংশগ্রহণের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরোকে প্রয়োজনীয় নির্দেশ প্রদান করিবেন।

১১.৬ তথ্য মন্ত্রণালয় ঃ

১১.৬.১ নৌ-দুর্ঘটনা উদ্ধার কার্যক্রম সম্পর্কিত প্রকৃত সংবাদ গণ মাধ্যমে প্রচারের ব্যবস্থা করিবেন।

১১.৭ যোগাযোগ মন্ত্রণালয় ঃ

১১.৭.১ নৌ-দুর্ঘটনা কবলিত নৌ-যান উদ্ধার কার্যক্রমে বাংলাদেশ রেলওয়ে এবং সড়ক ও জনপথ বিভাগকে প্রয়োজনীয় নির্দেশ প্রদান করিবেন।

১১.৮ স্থানীয় সরকার বিভাগ ঃ

১১.৮.১ নৌ-দুর্ঘটনা কবলিত নৌ-যান উদ্ধার কার্যক্রমে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/ পৌরসভা/ইউনিয়ন পরিষদকে প্রয়োজনীয় নির্দেশ প্রদান করিবেন।

১১.৯ বিআইডব্লিউটিএ ঃ

১১.৯.১ বিআইডব্লিউটিএ'র ফোকাল পয়েন্ট দুর্ঘটনার স্তর অনুযায়ী অনুচ্ছেদ-৪ এ বর্ণিত নৌ-যান উদ্ধারে সহায়তাকারী মন্ত্রণালয়/সংস্থাগুলিকে দুর্ঘটনার সংবাদ অবহিত করিবেন এবং তাহাদের প্রয়োজনীয় সহায়তা চাহিবেন;

১১.৯.২ নৌ-যান দুর্ঘটনার সংবাদ পাওয়ার সাথে সাথে প্রয়োজন অনুযায়ী **বিআইডব্লিউটিএ'র একটি অগ্রবর্তী উদ্ধার দলকে দুর্ঘটনাস্থলে দ্রুত প্রেরণের ব্যবস্থা করিবেন এবং একই সঙ্গে উদ্ধারকারী ইউনিট-কে প্রস্তুত রাখিবেন;**

১১.৯.৩ নৌ-দুর্ঘটনার স্তর অনুযায়ী বিআইডব্লিউটিএ উদ্ধারকারী জাহাজ দুর্ঘটনাস্থলে প্রেরণের ব্যবস্থা করিবেন;

১১.৯.৪ **উদ্ধারকারী** ইউনিট দুর্ঘটনাস্থলে পৌছানোর পূর্বে বিআইডব্লিউটিএ'র স্থানীয় শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার সহযোগিতায় কর্তৃপক্ষের নৌ-যান/ইঞ্জিন বোট, ইত্যাদির মাধ্যমে দুর্ঘটনা কবলিত নৌ-যানকে চিহ্নিত/সনাক্ত করিবার ব্যবস্থা করিবে, যাহাতে উদ্ধারকারী জাহাজ দুর্ঘটনাস্থলে পৌঁছিবার পর পরই নিমজ্জিত নৌ-যানের উদ্ধার কাজ দ্রুত শুরু করিতে পারে;

১১.৯.৫ নিমজ্জিত নৌ-যান দ্রুত উদ্ধারের জন্য বিআইডব্লিউটিএ অন্যান্য সংস্থার সহযোগিতায় সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করিবেন;

১১.৯.৬ নৌ-দুর্ঘটনায় নিহত যাত্রী/নাবিকের লাশ দাফন-কাফন অথবা মৃতদেহ সৎকারের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত আর্থিক সহায়তা প্রদান করিবেন;

১১.৯.৭ নৌ-দুর্ঘটনায় নিহত/ক্ষতিগ্রস্ত যাত্রী/নাবিকের পরিবারকে কর্তৃপক্ষের কল্যাণ তহবিল হইতে নির্ধারিত আর্থিক ক্ষতিপূরণ প্রদান করিবেন।

১১.৯.৮ উদ্ধার কাজ দক্ষতা ও দ্রুততার সঙ্গে সম্পাদনের লক্ষ্যে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, বাংলাদেশ নৌ-বাহিনী, বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এবং সংশ্লিষ্টদের সমন্বয়ে প্রতি বছর ফেব্রুয়ারি/মার্চ মাসে ডুবুরী/উদ্ধার কর্মীদের মহড়ার ব্যবস্থা করিবেন।

### ১১.১০ সমুদ্র পরিবহন অধিদপ্তর ঃ

১১.১০.১ নৌ-দুর্ঘটনার সংবাদ পাওয়ার পর সমুদ্র পরিবহন অধিদপ্তরের প্রতিনিধিগণ দ্রুত দুর্ঘটনাস্থলে পৌছাইয়া উদ্ধার কাজে সহযোগিতা করিবেন এবং নিমজ্জিত নৌ-যানের সার্ভে, রেজিস্ট্রেশন সার্টিফিকেটের কপি, ড্রইং, ইত্যাদি দ্রুত ফোকাল পয়েন্ট/উদ্ধার কাজে নিয়োজিত বিআইডব্লিউটিএ'র সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট হস্তান্তর করিবেন;

১১.১০.২ উদ্ধার কাজে নিয়োজিত বিআইডব্লিউটিএ ও অন্যান্য সংস্থাকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সার্বক্ষণিকভাবে একজন উপযুক্ত প্রতিনিধিকে দুর্ঘটনাস্থলে মোতায়েন রাখিবেন।

### ১১.১১ জেলা প্রশাসন ঃ

১১.১১.১ নৌ-দুর্ঘটনার সংবাদ পাওয়ার সংগে সংগে দুর্ঘটনাস্থলে উপস্থিত হইয়া অথবা উপযুক্ত প্রতিনিধি প্রেরণপূর্বক তাৎক্ষণিকভাবে উদ্ধার কাজ শুরু করিবেন এবং প্রয়োজনে ফোকাল পয়েন্ট, বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যান, নৌ-পরিবহন মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ নৌ-বাহিনী, বাংলাদেশ কোস্টগার্ড এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে নৌ-উদ্ধার কাজের জন্য অনুরোধ করিবেন;

১১.১১.২ নৌ-দুর্ঘটনা কবলিত নৌ-যান উদ্ধারের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ, যথা-উদ্ধারকারী জাহাজ, জনবল, নৌ-যান মালিক সমিতির প্রতিনিধি, স্থানীয় জনসাধারণের সাহায্য-সহযোগিতা, ইত্যাদি কাজের সমন্বয় সাধন করিবেন;

১১.১১.৩ নৌ-দুর্ঘটনা কবলিত নৌ-যান উদ্ধার কাজ চলাকালীন এবং উদ্ধারের পর আহত যাত্রীর সুচিকিৎসা, নিহত যাত্রীর মৃতদেহ যথাযথভাবে সংরক্ষণ ও সৎকার এবং নিকটতম আত্মীয়ের নিকট হস্তান্তরসহ মৃতের ঠিকানায় প্রেরণের ব্যবস্থা করিবেন;

১১.১১.৪ মৃত বা নিখোঁজ যাত্রীদের খোঁজে দুর্ঘটনাস্থলে আগত আত্মীয়-স্বজনের প্রয়োজনে থাকা-খাওয়ার ব্যবস্থা করিবেন;

১১.১১.৫ নৌ-দুর্ঘটনা কবলিত নৌ-যানের যাত্রী সংখ্যা বিশেষতঃ উদ্ধার অভিযানে উদ্ধারকৃত আহত ও নিহতগণের নাম, পরিচয় সনাক্তকরণসহ তদনুযায়ী তালিকা প্রস্তুত করিবেন;

১১.১১.৬ বেওয়ারিশ লাশের ছবি তোলা অন্তে দাফনের ব্যবস্থা করিবেন এবং ছবি সংরক্ষণ করিবেন;

১১.১১.৭ উদ্ধার কাজে বিআইডব্লিউটিএ-কে প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট যথা ইঞ্জিন নৌকা, লেবার নিয়োগ করাসহ প্রয়োজনীয় অন্যান্য সহায়তা প্রদান করিবেন;

১১.১১.৮ উদ্ধার কাজে নিয়োজিত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে লজিস্টিক সহায়তা অর্থাৎ প্রয়োজনীয় যানবাহন/নৌকা প্রদান করিবেন;

১১.১২ উপজেলা পরিষদ ঃ

১১.১২.১ নৌ-দুর্ঘটনার সংবাদ পাওয়ার পর পরই সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও ফোকাল পয়েন্টের সহিত যোগাযোগ করিয়া উদ্ধার কাজে অংশগ্রহণ করিবেন এবং উদ্ধার কাজে নিয়োজিত অন্যান্য সংস্থার কাজে প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবেন;

১১.১৩ পুলিশ বিভাগ ঃ

১১.১৩.১ নৌ-দুর্ঘটনার সংবাদ পাওয়ার পর পরই সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সাথে যোগাযোগ করিয়া উদ্ধার কাজে অংশগ্রহণ করিবেন এবং দুর্ঘটনাস্থলে আইন শৃঙ্খলা রক্ষা করিবেন;

১১.১৩.২ নৌ-দুর্ঘটনা কবলিত নৌ-যানে আটকাইয়া পড়া লোকজনকে উদ্ধার, আহত লোকদের প্রয়োজনীয় চিকিৎসা, নিহতদের মৃতদেহ গ্রহণ, উদ্ধারকৃতদের আত্মীয় স্বজনের নিকট হস্তান্তর এবং বেওয়ারিশ লাশ দাফনে জেলা প্রশাসনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবেন;

**১১.১৩.৩** **নৌ-দুর্ঘটনা কবলিত নৌ-যান উদ্ধারের পর বিআইডব্লিউটিএ'র নিকট হইতে সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বিধি মোতাবেক উদ্ধারকৃত নৌ-যানটির দায়িত্ব বুঝিয়া লইবেন এবং বিআইডব্লিউটিএ'র ছাড়পত্র গ্রহণপূর্বক নৌ-যানের প্রকৃত মালিকের নিকট হস্তান্তর করিবেন।**

**১১.১৪ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ঃ**

১১.১৪.১ নৌ-দুর্ঘটনার সংবাদ পাওয়ার পর দ্রুত দুর্ঘটনাস্থলে উদ্ধার/ডুবুরীদল প্রেরণের ব্যবস্থা গ্রহণ করিবেন;

১১.১৪.২ নৌ-দুর্ঘটনা কবলিত নৌ-যানের অবস্থান সনাক্তকরণে ডুবুরীদল বিআইডব্লিউটিএ'র উদ্ধারকারী দলকে সহযোগিতা প্রদান ও উদ্ধার কাজে সক্রিয়ভাবে অংশগ্রহণ করিবেন;

১১.১৪.৩ নৌ-দুর্ঘটনা কবলিত নৌ-যান হইতে উদ্ধারকৃত আহতদের চিকিৎসা এবং নিহতদের মৃতদেহ হস্তান্তর কাজে প্রয়োজনীয় সাহায্য/সহযোগিতা করিবেন;

১১.১৪.৪ নৌ-দুর্ঘটনা কবলিত নৌ-যান হইতে মৃতদেহ উদ্ধার করিবেন।

**১১.১৫ বিআইডব্লিউটিসি ঃ**

১১.১৫.১ নৌ-দুর্ঘটনার সংবাদ পাওয়ার পর প্রয়োজনে টাগ জাহাজ ও দুর্ঘটনাস্থলের নিকটবর্তী স্থানে নৌ-যান প্রস্তুত রাখিবেন এবং উদ্ধার কাজে সহযোগিতা করিবেন;

১১.১৫.২ নৌ-দুর্ঘটনা কবলিত নৌ-যান উদ্ধার কাজে নিয়োজিত সংস্থার নিকট হইতে ফেরি পারাপারে কোন প্রকার টোল আদায় করিবে না। এই বিষয়ে বিআইডব্লিউটিসি প্রয়োজনীয় পরিপত্র জারি করিবেন।

**১১.১৬ বাংলাদেশ কোস্টগার্ড ঃ**

১১.১৬.১ নৌ-দুর্ঘটনাস্থলের নিকটবর্তী স্থানে কোস্ট গার্ডের যদি কোন জাহাজ/স্থাপনা থাকে তাহা হইলে দুর্ঘটনার সংবাদ পাওয়ার সঙ্গে সঙ্গে কোস্ট গার্ড উদ্ধার কাজে অংশগ্রহণ করিবে। আর যদি দুর্ঘটনাস্থলের নিকটবর্তী স্থানে কোস্ট গার্ডের কোন জাহাজ/স্থাপনা না থাকে তাহা হইলে নৌ-পরিবহন মন্ত্রণালয়, বিআইডব্লিউটিএ অথবা সংশ্লিষ্ট জেলা প্রশাসন হইতে টেলিফোন/ফ্যাক্স/লিখিত অনুরোধপত্র পাওয়ার পর দ্রুত দুর্ঘটনাস্থলে উপস্থিত হইয়া উদ্ধার কাজে অংশগ্রহণ করিবেন।

**১১.১৭ বাংলাদেশ নৌ-বাহিনী ঃ**

১১.১৭.১ নৌ-দুর্ঘটনার সংবাদ পাওয়ার পর নৌ-বাহিনীর ডুবুরী দল ও উদ্ধারকারী নৌ-যান/জরিপ নৌ-যান, ইত্যাদি উদ্ধার অভিযানের জন্য প্রস্তুত রাখিবেন এবং দুর্ঘটনাস্থলে একটি অগ্রগামী ডুবুরী দল প্রেরণের ব্যবস্থা করিবেন;

১১.১৭.২ সংশ্লিষ্ট জেলা প্রশাসন/বিআইডব্লিউটিএ/নৌ-পরিবহন মন্ত্রণালয় হইতে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে লিখিত/ টেলিফোন/ফ্যাক্স যোগে অনুরোধ পাওয়ার পর দ্রুত দুর্ঘটনাস্থলে পৌঁছাইবেন এবং উদ্ধার অভিযানে পূর্ব হইতে নিয়োজিত উদ্ধারকারী দলের সহিত সমন্বয়ের মাধ্যমে উদ্ধার কাজে অংশগ্রহণ করিবেন;

১১.১৭.৩ নিমজ্জিত নৌ-যানটি যদি বিআইডব্লিউটিএ অথবা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃক সনাক্ত করা সম্ভব না হয় সেই ক্ষেত্রে বাংলাদেশ নৌ-বাহিনী নিমজ্জিত নৌ-যানটি সনাক্ত করার সর্বাত্মক চেষ্টা করিবেন;

১১.১৭.৪ নিমজ্জিত লঞ্চ/নৌ-যান হইতে মৃতদেহ উদ্ধারের ব্যবস্থা করিবেন এবং অন্যান্য উদ্ধারকারী দলকে এই কাজে সহায়তা প্রদান করিবেন।

**১১.১৮ স্বাস্থ্য অধিদপ্তর/সিভিল সার্জন ঃ**

১১.১৮.১ নৌ-দুর্ঘটনাস্থলে মেডিকেল টিম প্রেরণ করিবেন এবং আহত যাত্রীদের চিকিৎসা সেবা নিশ্চিত করিবেন। নিহত যাত্রীদের সৎকারের উদ্দেশ্যে প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা অর্থাৎ মৃত্যু সনদ, ইত্যাদির ব্যবস্থা সম্পন্ন করিবেন।

**১১.১৯. অভ্যন্তরীণ নৌ-চলাচল (যাত্রী পরিবহন) সংস্থা বা সংশ্লিষ্ট নৌ-যান মালিক সমিতি/ ট্রাস্টি বোর্ড ঃ**

**১১.১৯.১ সংশ্লিষ্ট নৌ-যান মাস্টার অথবা মালিক নৌ-দুর্ঘটনার সংবাদ পাওয়ার পর পরই নিকটস্থ জেলা প্রশাসন, পুলিশ বিভাগ, ফোকাল পয়েন্ট এবং ৪নং অনুচ্ছেদে বর্ণিত মন্ত্রণালয়/সংস্থাগুলিকে অবহিত করিবেন।**

১১.১৯.২ নিমজ্জিত নৌযানটি উদ্ধারে প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট প্রদান করিবেন এবং দুর্ঘটনাস্থলে উপযুক্ত প্রতিনিধি প্রেরণ করিবেন।

১১.১৯.৩ দুর্ঘটনার কবল হইতে উদ্ধারকৃত মৃতদেহগুলি সৎকারের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করিবেন। এই লক্ষ্যে প্রয়োজনীয় কফিন, বাক্স, চা পাতা, কাফনের কাপড়ের ব্যবস্থা করিবেন এবং মৃতদেহ মৃতের নিজ ঠিকানায় নৌ-যানের মাধ্যমে অতিদ্রুত প্রেরণের ব্যবস্থা করিবেন।

**১১.২০ নৌ-যান শ্রমিক ফেডারেশন ঃ**

১১.২০.১ নৌ-দুর্ঘটনার সংবাদ পাওয়ার পর দ্রুত দুর্ঘটনাস্থলে উপযুক্ত প্রতিনিধি প্রেরণ করিবেন এবং সম্ভাব্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবেন।

**১১.২১ রেড ক্রিসেন্ট সোসাইটি ঃ**

১১.২১.১ নৌ-দুর্ঘটনার সংবাদ পাওয়ার পর দ্রুত দুর্ঘটনাস্থলে উপযুক্ত প্রতিনিধি প্রেরণ করিবেন এবং উদ্ধার কাজে প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবেন।

**১১.২২ দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো ঃ**

১১.২২.১ যে কোন মাধ্যমে নৌ-দুর্ঘটনার সংবাদ জানিবার পর বিআইডব্লিউটিএ'র ফোকাল পয়েন্ট বা নৌ-পরিবহন মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী উদ্ধার কাজে প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবেন।

**১১.২৩ সড়ক ও জনপথ বিভাগ ঃ**

১১.২৩.১ কোন নৌ-দুর্ঘটনা ঘটিলে বিশেষ করিয়া কোন ফেরী/পন্টুন হইতে যানবাহান, মালামাল ও কোন যাত্রী পড়িয়া গেলে উদ্ধার কাজে সড়ক ও জনপথ বিভাগ তাহাদের রেকার/যন্ত্রপাতি, ইত্যাদি দ্বারা উদ্ধার কাজে সহায়তা প্রদান করিবেন;

১১. ২৩.২ নৌ-দুর্ঘটনা কবলিত নৌ-যান উদ্ধারে অংশগ্রহণকারী সংস্থার নিকট হইতে ফেরী এবং সেতু পারাপারে কোন প্রকরে টোল আদায় করিবেন না। এই বিষয়ে প্রয়োজনীয় পরিপত্র জারি করিবেন।

**১১.২৪ বাংলাদেশ রেলওয়ে ঃ**

১১.২৪.১ নৌ-দুর্ঘটনার পর উদ্ধার কাজ চালানোর জন্য বিআইডব্লিউটিএ'র ফোকাল পয়েন্ট বা নৌ-পরিবহন মন্ত্রণালয়ের চাহিদানুযায়ী প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট প্রদান করিবেন।

**১১.২৫ স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন ঃ**

১১.২৫.১ নৌ-দুর্ঘটনার সংবাদ পাওয়ার পর সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি করর্পোরেশন এর প্রতিনিধি দ্রুত দুর্ঘটনাস্থলে উপস্থিত হইয়া উদ্ধার অভিযানে অংশগ্রহণকারী অন্যান্য সংস্থার কাজে সহযোগিতা প্রদান করিবেন;

১১.২৫.২ প্রাথমিক পর্যায়ে নিমজ্জিত নৌ-যানকে চিহ্নিত এবং নিখোঁজ যাত্রী/নাবিকদের খোঁজ করিবার জন্য মাঝি ও জেলেদের সহযোগিতা গ্রহণের ব্যবস্থা করিবেন।

**১২.০ নৌ-দুর্ঘনাস্থলের নিকটবর্তী অন্যান্য নৌ-যান চালকদের কর্তব্য ঃ**

১২.১.১ নৌ-যান দুর্ঘটনা কবলিত হওয়ার খবর পাওয়ার পর দুর্ঘটনাস্থলের নিকটবর্তী অন্যান্য নৌ-যান দ্রুত উদ্ধার কাজে অংশগ্রহণ করিবেন;

১২.১.২ দুর্ঘটনাস্থলের নিকটবর্তী উদ্ধার কাজে সক্ষম/উপযোগী কোন নৌ-যান উদ্ধার কাজে বা অন্য কোনভাবে সহযোগিতা করার ক্ষেত্রে ইচ্ছাকৃতভাবে কোন অবহেলা করিলে তাহার বিরুদ্ধে প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইবে।

**১৩.০ দুর্ঘটনা কবলিত/নিমজ্জিত নৌ-যান যেই ক্ষেত্রে উদ্ধার করা সম্ভব নয় ঃ**

সর্বাত্মক প্রচেষ্টা সত্ত্বেও যদি দুর্ঘটনা কবলিত যাত্রীবাহী বা মালবাহী নৌ-যানটি উদ্ধার করা সম্ভব না হয়, সেই ক্ষেত্রে নিমজ্জিত নৌ-যানটিকে নাব্য নৌ-পথ হইতে অপসারণ/উত্তোলনের জন্য "The Removal of Wrecks and Obstructions in Inland Navigable Waterways Rules, 1973" অনুযায়ী ব্যবস্থা নেওয়া হইবে।

সংযোজনী-ক

## নৌ-দুর্ঘটনার প্রাথমিক বিবরণী ফরম ঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | নৌ-দুর্ঘটনা কবলিত নৌ-যানের নাম ও রেজিঃ নম্বর | ঃ | |
| ২। | কখন দুর্ঘটনা ঘটিয়াছে তাহার তারিখ ও সময় | ঃ | |
| ৩। | নৌ-যান মালিক/সংস্থার নাম ও টেলিফোন নম্বর | ঃ | |
| ৪। | রিপোর্টিং এর তারিখ ও সময় | ঃ | |
| ৫। | রিপোর্টকারীর নাম/পদবী ও ফোন নম্বর | ঃ | |
| ৬। | নৌ-যানের মাস্টারের নাম | ঃ | |
| ৭। | দুর্ঘটনার সংক্ষিপ্ত বিবরণ | ঃ | |
| ৮। | দুর্ঘটনার নিকটবর্তী নদীবন্দর, জেলা ও উপজেলার নাম | ঃ | |
| ৯। | দুর্ঘটনাস্থলের নিকটবর্তী বিদ্যমান নৌ-যানের বিবরণ | ঃ | |
| ১০। | স্থানীয় প্রশাসনকে কখন অবহিত করা হইয়াছে | ঃ | |
| ১১। | যাহাকে অবহিত করা হইয়াছে তাহার নাম, পদবী ও ফোন নম্বর | ঃ | |
| ১২। | উদ্ধার তৎপরতার বিবরণ | ঃ | |
| ১৩। | মন্তব্য | ঃ | |
| ১৪। | প্রাথমিক প্রতিবেদন প্রাপকের নাম/পদবী, সময় ও তারিখ | ঃ | |

| প্রাথমিক রিপোর্ট প্রদানকারী বিআইডব্লিউটিএ'র স্থানীয় কর্মকর্তার নাম ও পদবী | ফোকাল পয়েন্ট |
|---|---|
| নামঃ | নাম ঃ |
| পদবী ঃ | পদবী ঃ |

মোঃ শহিদুল ইসলাম
উপ-সচিব।

মোহাম্মদ আবুল হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd